বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-১১(৩)/২০২০-২০২১/ ২৪২৮(১২৫০) তারিখঃ ২১/০৪/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'স্টার্ট-আপ ফান্ড' নামে ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখ-১৯/০৪/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখ-১৯/০৪/২০২১ এর বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'স্টার্ট-আপ ফান্ড' নামে ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। আলোচ্য তহবিল হতে পুনঃঅর্থায়নের ক্ষেত্রে অনুসরনীয় নির্দেশনাসমূহ উপরোক্ত সার্কুলার লেটার মাধ্যমে জারী করা হয়েছে। 'স্টার্ট-আপ' উদ্যোগকে এগিয়ে নেয়ার জন্য সংশ্লিষ্ট খাতে অর্থায়নের লক্ষ্যে সার্কুলারটি অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো। প্রদত্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২১/০৪/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-১১(৩)/২০২০-২০২১/ ২৪২৮(১২৫০) তারিখঃ ২১/০৪/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২১/০৪/২০২১

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল,ঢাকা-১০০০।
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪

তারিখঃ বৈশাখ ০৬, ১৪২৮
এপ্রিল ১৯ ,২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'স্টার্ট-আপ ফান্ড' নামে ৫০০ (পাঁচশত)কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে মার্চ ২৯, ২০২১ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'স্টার্ট-আপ ফান্ড' নামে ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয় এবং উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-ক(১৫)(v) এ আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রদান সংক্রান্ত অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে মর্মে উল্লেখ করা হয়। বর্ণিত প্রেক্ষাপটে আলোচ্য তহবিল হতে পুনঃঅর্থায়নের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে ঃ

**ক. অংশগ্রহণকারী ব্যাংক হওয়ার এবং পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা ঃ**

(i) সকল রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক/বিশেষায়িত ব্যাংক আলোচ্য পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহন করতে পারবে।
(ii) বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে আলোচ্য পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহন করতে পারবে,

১. শ্রেণীবিন্যাসিত ঋণ/বিনিয়োগের হার সর্বোচ্চ ১০%;
২. বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে মূলধন পর্যাপ্ততা, নগদ সংরক্ষণের হার (CRR) এবং বিধিবদ্ধ তরল সম্পদ সংরক্ষণের হার (SLR) সংরক্ষণ;
৩. একক গ্রাহক প্রতিষ্ঠান বা গ্রুপকে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা সংক্রান্ত আইন/নীতিমালা অনুসরণ ;
৪. যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা ও মানিলন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিতকরণ; এবং
৫. ন্যূনতম ০১(এক) বছরের ব্যাংকিং ব্যবসায়ের অভিজ্ঞতা।

(iii) ক(ii) ক্রমিকে বর্ণিত শর্ত পরিপালনে অসমর্থ ব্যাংকের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে। এক্ষেত্রে পুনঃঅর্থায়নের আবেদন কেইস-টু-কেইস ভিত্তিতে বিবেচনার সুযোগ থাকবে।

**খ. পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন প্রক্রিয়া ঃ** অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত ছকে [সংযুক্ত সংযোজনী-১ও ১(ক)] প্রয়োজনীয় তথ্যাদি প্রদানপূর্বক প্রতিমাস অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে পুনঃঅর্থায়নের জন্য আবেদন দাখিল করবে। উল্লিখিত সময়ের মধ্যে আবেদন দাখিলে ব্যর্থ হলে তা তদ্‌পরবর্তী সর্বোচ্চ ০২(দুই) মাসের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এবং ঋণ মঞ্জুরিপত্রের কপিসহ এতদ্‌সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ সংক্রান্ত দলিলাদি ও তথ্যাদি আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

**গ. প্রতিশ্রুতিপত্র ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের প্রতিটি ক্ষেত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়ন হিসেবে গৃহীত সমপরিমাণ অর্থের প্রতিশ্রুতিপত্র (Demand Promissory Note) প্রদান করতে হবে। উক্ত প্রতিশ্রুতিপত্র পুনঃঅর্থায়ন বাবদ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের

নিকট হতে বর্তমানে বা ভবিষ্যতে প্রাপ্য সমুদয় অর্থ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক আইনানুসারে আদায়যোগ্য অন্যান্য খরচ, চার্জ বা ব্যয় (যদি থাকে) বাবদ প্রদেয় অর্থের জন্য চলমান জামানত হিসেবে কার্যকর থাকবে। যেকোন সময় আকলন স্থিতি অথবা কোন আংশিক পরিশোধ অথবা হিসেবে কম-বেশি অথবা জামানতের কোন অংশ প্রত্যাহৃত হলেও অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের নিকট বাংলাদেশ ব্যাংকের পাওনা ঋণের জন্য সম্পাদিত চুক্তি এবং প্রতিশ্রুতিপত্র চলমান জামানত হিসেবে বহাল থাকবে।

**ঘ. অংশগ্রহণকারী ব্যাংকের তহবিল/স্থিতি অপর্যাপ্ততা ঃ** পুনঃঅর্থায়নের কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংকের চলতি হিসাব হতে আদায়কালে সংশ্লিষ্ট হিসাবের তহবিল/স্থিতি অপর্যাপ্ততার কারণে বকেয়া/কিস্তি আদায় করা সম্ভব না হলে, সেক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সমপরিমাণ অর্থের উপর উক্ত নির্দিষ্ট সময়ের জন্য সংশ্লিষ্ট ব্যাংকের নিকট হতে ১.৫% হারে জরিমানা এককালীন আদায় করা হবে।

**ঙ. অন্যান্য শর্ত ঃ** কোন অংশগ্রহণকারী ব্যাংক কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন ঋণ/বিনিয়োগ এর বিপরীতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ গ্রাহক কর্তৃক অগ্রিম সমন্বয় করা হলে তা অত্র বিভাগকে অবহিত করতে হবে এবং পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ ফেরত বা সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সমন্বয়কৃত ঋণ/বিনিয়োগ সম্পর্কে উক্ত অংশগ্রহণকারী ব্যাংক অত্র বিভাগকে অবহিত না করলে বা কোন ভুল তথ্য প্রদানের মাধ্যমে আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সে পরিমাণ অর্থের উপর সংশ্লিষ্ট ব্যাংকের নিকট হতে ১.৫% হারে জরিমানা এককালীন আদায় করা হবে।

০৩। পুনঃঅর্থায়ন সংক্রান্ত উল্লিখিত নীতিমালায় বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে পারবে।

০৪ । এতদ্ব্যতীত 'স্টার্ট-আপ' ফান্ড সংক্রান্ত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ তারিখঃ মার্চ ২৯, ২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো ।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২